বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)।

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র এপ্রিল ২০২৪ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৪।

## (Saudi CP এপ্রিল ২০২৪ এর ভিত্তিতে)

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৪

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ।

# সূচীপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি | ১-২ |
| ২ | Saudi CP এপ্রিল ২০২৪ এর ভিত্তিতে এপ্রিল ২০২৪ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ | ২-৩ |
| পরিশিষ্ট-'ক' | বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, এপ্রিল ২০২৪ । | ৪-৫ |
| পরিশিষ্ট-'খ' | বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, এপ্রিল ২০২৪ । | ৬-৭ |
| পরিশিষ্ট-'গ' | রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য, এপ্রিল ২০২৪ । | ৮-৯ |
| পরিশিষ্ট-'ঘ' | ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, এপ্রিল ২০২৪ । | ১০-১১ |

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৪

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র এপ্রিল ২০২৪ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৪।

**বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৪**

**তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ।**

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় করে ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ এবং সৌদি আরামকো কর্তৃক ঘোষিত এপ্রিল ২০২৪ মাসের Saudi Contract Price (Saudi CP) অনুযায়ী বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য এপ্রিল ২০২৪ মাসের জন্য সমন্বয়ের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অদ্য ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ প্রদান করা হলো:-**

## ১.০ Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি:

১.১ কমিশন কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটি সৌদি আরামকো কর্তৃক এপ্রিল ২০২৪ মাসের জন্য ঘোষিত Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে এপ্রিল ২০২৪ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে সুপারিশ সংবলিত একটি প্রতিবেদন ০৩ এপ্রিল ২০২৪ তারিখে কমিশনে দাখিল করে। কমিটি'র প্রতিবেদন অনুযায়ী এপ্রিল ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬১৫.০০ মার্কিন ডলার ও ৬২০.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬১৮.২৫ মার্কিন ডলার। কমিটি উক্ত Saudi CP, জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম, অন্যান্য চার্জ এবং এলপিজি আমদানিতে বিভিন্ন ব্যাংকের LC Settlement-এর ক্ষেত্রে মার্চ ২০২৪ মাসের (যে সকল এলপিজি আমদানিকারি কোম্পানীর মার্চ ২০২৪ মাসে LC Settle হয়নি, সে সকল কোম্পানীর ক্ষেত্রে পূর্ববর্তী মাসের) মার্কিন ডলারের প্রকৃত বিনিময় হারের ভারিত গড়ের ভিত্তিতে প্রতি মার্কিন ডলারের গড় মূল্য ১১৮.৭৫ টাকা বিবেচনা এবং সরকার কর্তৃক দু'দফায় ডিজেল এর মূল্য হ্রাসের প্রভাব সমন্বয় করে এপ্রিল ২০২৪ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের মূল্য নিম্নোক্তভাবে সমন্বয় করার সুপারিশ করে:

(ক) বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত Saudi CP প্রতি কেজি ৭৩.৪২ টাকা।

(খ) বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১২.৬৯ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১২০.১৮ টাকা।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০৮.৯৪ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১৬.৩৬ টাকা বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২৪২১ টাকা বা প্রতি ঘনমিটার ২৪২.১০ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২৫৮৬ টাকা বা প্রতি ঘনমিটার ২৫৮.৬০ টাকা।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৬২.৩৩ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৬৬.২১ টাকা।

১.২ কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনটির ওপর বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ অনুযায়ী ০৩ এপ্রিল ২০২৪ তারিখ সকাল ১১:৩০ টায় কমিশন কার্যালয়ে কমিটি'র শুনানি

অনুষ্ঠিত হয়। উক্ত শুনানিতে কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন উপস্থাপন, বক্তব্য শ্রবণ এবং প্রাপ্ত দলিলাদি পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়।

১.৩ সরকার কর্তৃক ২৯ আগস্ট ২০২২ তারিখে ডিজেলের মূল্য বৃদ্ধির কারণে ০২ অক্টোবর ২০২২ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর ২০২২/১৮ এর মাধ্যমে এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ ১৮৬ টাকা থেকে বৃদ্ধি করে ১৯৪ টাকায় সমন্বয় করা হয়। এছাড়া উক্ত আদেশের মাধ্যমে অটোগ্যাসের পরিবহণ চার্জ ১.২৫ টাকা থেকে বৃদ্ধি করে ১.৭৫ টাকায় সমন্বয় করা হয়। পরবর্তীতে সরকার কর্তৃক ০৮ মার্চ ২০২৪ তারিখে ডিজেল এর মূল্য ১০৯ টাকা/লিটার থেকে হ্রাস করে ১০৮.২৫ টাকা নির্ধারণ করা হয়। অতঃপর ০১ এপ্রিল ২০২৪ তারিখে ডিজেল এর মূল্য ১০৮.২৫ টাকা/লিটার থেকে হ্রাস করে ১০৬.০০ টাকা/লিটার নির্ধারণ করা হয়। সরকার কর্তৃক ডিজেল এর মূল্য হ্রাস করায় হ্রাসকৃত মূল্য বিবেচনায় এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ ১৬.১৬ টাকা/কেজি থেকে হ্রাস করে ১৬.০৯ টাকা/লিটার এ সমন্বয় করা এবং অটোগ্যাসের পরিবহণ চার্জ ১.৭৫ টাকা/লিটার থেকে হ্রাস করে ১.৭৩ টাকা/লিটার এ সমন্বয় করা যথাযথ মর্মে প্রতীয়মান।

## ২.০ Saudi CP এপ্রিল ২০২৪ এর ভিত্তিতে এপ্রিল ২০২৪ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ:

সার্বিক বিষয় পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক কমিশনের আদেশ হচ্ছে যে:-

২.১ এপ্রিল ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬১৫.০০ মার্কিন ডলার ও ৬২০.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬১৮.২৫ মার্কিন ডলার হিসেবে এপ্রিল ২০২৪ মাসের জন্য সমন্বয়কৃত মূল্য-

(ক) বেসরকারি এলপিজি'র Saudi CP প্রতি কেজি ৭৩.৪২ টাকায় সমন্বয় করা হলো।

(খ) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ১১২.৬৯ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১২০.১৮ টাকায় সমন্বয় করা হলো।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ১০৮.৯৪ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৬.৩৬ টাকায় বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ০.২৪২১ টাকায় বা প্রতি ঘনমিটার ২৪২.১০ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২৫৮৬ টাকায় বা প্রতি ঘনমিটার ২৫৮.৬০ টাকায় সমন্বয় করা হলো।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ৬২.৩৩ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ৬৬.২১ টাকায় সমন্বয় করা হলো।

(ঙ) বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ক'**, বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'খ'**, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'গ'** এবং অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ঘ'** এ সংযুক্ত করা হলো।

২.২ ০৩ মার্চ ২০২৪ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৩ অনুযায়ী সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মুল্যহার প্রতি ১২.৫০ কেজি ৬৯০.০০ টাকা অপরিবর্তিত রাখা হলো।

২.৩ কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

২.৪ প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

২.৫ এ আদেশ ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

২.৬ ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

| | | |
|---|---|---|
| **আবুল খায়ের মোঃ আমিনুর রহমান**<br>সদস্য | **ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি**<br>সদস্য | **ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**<br>সদস্য |

**মোঃ নূরুল আমিন**
চেয়ারম্যান

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৪

**পরিশিষ্ট-'ক'**

## বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, এপ্রিল-২০২৪ (এপ্রিল -২০২৪ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | বিবরণ | | সমন্বয়কৃত মূল্য (টাকা/কেজি) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price[১] (Saudi CP) | ৭৩.৪২ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২] | ১৪.৪৯ |
| | ৩ | অন্যান্য চার্জ[৩] | ০.৭৭ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৮৮.৬৮** |
| খ | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৪] | | ১৬.০৯ |
| **গ** | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | | **১০৪.৭৭** |
| ঘ | মূসক[৫] | | ৭.৪৯ |
| **ঙ** | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | | **১১২.২৬** |
| চ | ডিস্ট্রিবিউটরের চার্জ[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | | ৪.১৭ |
| ছ | রিটেইলার চার্জ[৬] | | ৩.৭৫ |
| **জ** | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য [ঙ+চ+ছ]** | | **১২০.১৮** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

০৩/০৪/২৪

**আবুল খায়ের মোঃ আমিনুর রহমান**
সদস্য

**ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি**
সদস্য

০৩/০৪/২৪

**ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**
সদস্য

০৩/০৪/২৪

**মোঃ নূরুল আমিন**
চেয়ারম্যান

---

[১]এপ্রিল ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬১৫.০০ মার্কিন ডলার এবং ৬২০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬১৮.২৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[২]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২১.৯৯ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা হিসেবে ৪৭৫ টাকা বিবেচনায়।

[৪]১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ডিজেল এর মূল্য প্রতি লিটার ১০৯.০০ টাকা থেকে ১০৬.০০ টাকায় হ্রাস অনুযায়ী, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৫]এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ে ২%, যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৪

**পরিশিষ্ট-'খ'**

## বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, এপ্রিল ২০২৪

## (এপ্রিল-২০২৪ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ (কেজি) | সমন্বয়কৃত মূল্য (টাকা) | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Saudi CP[১] | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২] | অন্যান্য[৩] চার্জ | ইমপোর্ট প্যারিটি প্রাইস | মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৪] | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব | মূসক[৫] | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর | ডিস্ট্রিবিউটর চার্জ[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | রিটেইলার চার্জ[৬] | রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য[৭] |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৩+৪+৫) | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩=(৬+৭+৯+১১+১২) |
| ১ | ৫.৫ | ৪০৩.৩৮০ | ৭৯.৬৯৫ | ৪.২৩৫ | **৪৮৭.৩১০** | ৮৮.৪৯৫ | ৫৭৫.৮০৫ | ৪১.১৯৫ | ৬১৭.০০০ | ২৩.০০০ | ২১.০০০ | **৬৬১.০০০** |
| ২ | ১২ | ৮৮০.৯২০ | ১৭৩.৮৮০ | ৯.২৪০ | **১,০৬৪.০৪০** | ১৯৩.০৮০ | ১,২৫৭.১২০ | ৮৯.৮৮০ | ১,৩৪৭.০০০ | ৫০.০০০ | ৪৫.০০০ | **১,৪৪২.০০০** |
| ৩ | ১২.৫ | ৯১৭.৫০০ | ১৮১.১২৫ | ৯.৬২৫ | **১,১০৮.২৫০** | ২০১.১২৫ | ১,৩০৯.৩৭৫ | ৯৩.৬২৫ | ১,৪০৩.০০০ | ৫২.০০০ | ৪৭.০০০ | **১,৫০২.০০০** |
| ৪ | ১৫ | ১,১০১.৪০০ | ২১৭.৩৫০ | ১১.৫৫০ | **১,৩৩০.৩০০** | ২৪১.৩৫০ | ১,৫৭১.৬৫০ | ১১২.৩৫০ | ১,৬৮৪.০০০ | ৬৩.০০০ | ৫৬.০০০ | **১,৮০৩.০০০** |
| ৫ | ১৬ | ১,১৭৪.৫৬০ | ২৩১.৮৪০ | ১২.৩২০ | **১,৪১৮.৭২০** | ২৫৭.৪৪০ | ১,৬৭৬.১৬০ | ১১৯.৮৪০ | ১,৭৯৬.০০০ | ৬৭.০০০ | ৬০.০০০ | **১,৯২৩.০০০** |
| ৬ | ১৮ | ১,৩২০.৮৮০ | ২৬০.৮২০ | ১৩.৮৬০ | **১,৫৯৫.৫৬০** | ২৮৯.৬২০ | ১,৮৮৫.১৮০ | ১৩৪.৮২০ | ২,০২০.০০০ | ৭৫.০০০ | ৬৮.০০০ | **২,১৬৩.০০০** |
| ৭ | ২০ | ১,৪৬৯.২০০ | ২৮৯.৮০০ | ১৫.৪০০ | **১,৭৭৪.৪০০** | ৩২১.৮০০ | ২,০৯৬.২০০ | ১৪৯.৮০০ | ২,২৪৬.০০০ | ৮৩.০০০ | ৭৫.০০০ | **২,৪০৪.০০০** |
| ৮ | ২২ | ১,৬১৪.৫২০ | ৩১৮.৭৮০ | ১৬.৯৪০ | **১,৯৫০.২৪০** | ৩৫৩.৯৮০ | ২,৩০৪.২২০ | ১৬৪.৭৮০ | ২,৪৬৯.০০০ | ৯২.০০০ | ৮৩.০০০ | **২,৬৪৪.০০০** |
| ৯ | ২৫ | ১,৮৩৬.০০০ | ৩৬২.২৫০ | ১৯.২৫০ | **২,২১৭.৫০০** | ৪০২.২৫০ | ২,৬১৯.৭৫০ | ১৮৭.২৫০ | ২,৮০৭.০০০ | ১০৪.০০০ | ৯৪.০০০ | **৩,০০৫.০০০** |
| ১০ | ৩০ | ২,২০১.৮০০ | ৪৩৪.৭০০ | ২৩.১০০ | **২,৬৫৯.৬০০** | ৪৮২.৭০০ | ৩,১৪২.৩০০ | ২২৪.৭০০ | ৩,৩৬৭.০০০ | ১২৫.০০০ | ১১৩.০০০ | **৩,৬০৫.০০০** |
| ১১ | ৩৩ | ২,৪২২.২৪০ | ৪৭৮.১৭০ | ২৫.৪১০ | **২,৯২৫.৮৬০** | ৫৩০.৯৭০ | ৩,৪৫৬.৮৩০ | ২৪৭.১৭০ | ৩,৭০৪.০০০ | ১৩৮.০০০ | ১২৪.০০০ | **৩,৯৬৬.০০০** |
| ১২ | ৩৫ | ২,৫৬৯.৬০০ | ৫০৭.১৫০ | ২৬.৯৫০ | **৩,১০৩.৭০০** | ৫৬৩.১৫০ | ৩,৬৬৬.৮৫০ | ২৬২.১৫০ | ৩,৯২৯.০০০ | ১৪৬.০০০ | ১৩১.০০০ | **৪,২০৬.০০০** |
| ১৩ | ৪৫ | ৩,৩০৩.২০০ | ৬৫২.০৫০ | ৩৪.৬৫০ | **৩,৯৮৯.৯০০** | ৭২৪.০৫০ | ৪,৭১৩.৯৫০ | ৩৩৭.০৫০ | ৫,০৫১.০০০ | ১৮৮.০০০ | ১৬৯.০০০ | **৫,৪০৮.০০০** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের কলাম-১০ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

**আবুল খায়ের মোঃ আমিনুর রহমান**
সদস্য

**ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি**
সদস্য

**ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**
সদস্য

**মোঃ নূরুল আমিন**
চেয়ারম্যান

[১] এপ্রিল ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬১৫.০০ মার্কিন ডলার এবং ৬২০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের

গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬১৮.২৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[২] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২১.৯৯ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০.০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা হিসেবে প্রতি মেট্রিক টন ৪৭৫.০০ টাকা বিবেচনায়।

[৪] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ডিজেল এর মূল্য প্রতি লিটার ১০৯.০০ টাকা থেকে ১০৬.০০ টাকায় হ্রাস অনুযায়ী, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৫]এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

[৭]অত্র আদেশের পরিশিষ্ট-'ক' মোতাবেক বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১২০.১৮ টাকা অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৪

পরিশিষ্ট-'গ'

## রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, এপ্রিল-২০২৪

### (এপ্রিল-২০২৪ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মুল্য (টাকা/কেজি) | টাকা/লিটার[১] (গ্যাসীয় অবস্থায়) | টাকা/ঘনমিটার[১] (গ্যাসীয় অবস্থায়) |
|---|---|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price[২] (Saudi CP) | ৭৩.৪২ | ০.১৬৩১ | ১৬৩.১০ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩] | ১৪.৪৯ | ০.০৩২২ | ৩২.২০ |
| | ৩ | অন্যান্য চার্জ[৪] | ০.৭৭ | ০.০০১৭ | ১.৭২ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৮৮.৬৮** | **০.১৯৭১** | **১৯৭.০২** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৫] | ১৬.০৯ | ০.০৩৫৮ | ৩৫.৮০ |
| গ | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | **১০৪.৭৭** | **০.২৩২৯** | **২৩২.৮২** |
| ঘ | | মূসক[৬] | ৭.৪২ | ০.০১৬৮ | ১৬.৮০ |
| ঙ | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **১১২.১৯** | **০.২৪৯৩** | **২৪৯.৩০** |
| চ | | ডিস্ট্রিবিউটরের চার্জ[৭] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | ৪.১৭ | ০.০০৯৩ | ৯.৩০ |
| ছ | | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য (ঙ+চ)** | **১১৬.৩৬** | **০.২৫৮৬** | **২৫৮.৬০** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক নং-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

**আবুল খায়ের মোঃ আমিনুর রহমান**
সদস্য

**ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি**
সদস্য

**ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**
সদস্য

**মোঃ নূরুল আমিন**
চেয়ারম্যান

---

[১] প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি এবং ১ লিটার এলপিজি = ২৫০ লিটার গ্যাস হিসেবে ১ কেজি এলপিজি = ৪৫০.০৫ লিটার গ্যাস এবং ১ ঘনমিটার গ্যাস=১,০০০ লিটার গ্যাস বিবেচনায় [০.৪৫ ঘনমিটার গ্যাস = ১ কেজি এলপিজি বা ১ ঘনমিটার গ্যাস = ২.২২২২ কেজি এলপিজি] বিবেচনায়।

[২] এপ্রিল ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬১৫.০০ মার্কিন ডলার এবং ৬২০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬১৮.২৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[৩] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২১.৯৯ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০.০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫ /- টাকা হিসেবে প্রতি মেট্রিক টন ৪৭৫.০০ টাকা বিবেচনায়।

[৫] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ডিজেল এর মূল্য প্রতি লিটার ১০৯.০০ টাকা থেকে ১০৬.০০ টাকায় হ্রাস অনুযায়ী, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৬]এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৭]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৪

**পরিশিষ্ট-'ঘ'**

## ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, এপ্রিল-২০২৪
## (এপ্রিল-২০২৪ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য (টাকা/লিটার[১]) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price (Saudi CP)[২] | ৪০.৭৮ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩] | ৮.০৫ |
| | ৩ | অন্যান্য চার্জ[৪] | ০.৪৩ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৪৯.২৬** |
| খ | | এলপিজি মজুতকরণ চার্জ[৫] | ৩.৩৪ |
| গ | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | **৫২.৬০** |
| ঘ | | মূসক[৬] | ৩.৮৮ |
| ঙ | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **৫৬.৪৮** |
| চ | | পরিবহণ চার্জ[৭] | ১.৭৩ |
| ছ | | স্টেশন চার্জ[৫] | ৮.০০ |
| জ | | **ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)** | **৬৬.২১** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ, অটোগ্যাস স্টেশনের নিকট এবং ভোক্তাপর্যায়ে অটোগ্যাস স্টেশনে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

**আবুল খায়ের মোঃ আমিনুর রহমান**
সদস্য

**ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি**
সদস্য

**ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**
সদস্য

**মোঃ নূরুল আমিন**
চেয়ারম্যান

---

[১]প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি।

[২] এপ্রিল ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬১৫.০০ মার্কিন ডলার এবং ৬২০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬১৮.২৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[৩] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২১.৯৯ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০.০০ টাকা; এলসি চার্জ, ইন্স্যুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মুসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৮.৭৫/- টাকা হিসেবে প্রতি মেট্রিক টন ৪৭৫.০০ টাকা বিবেচনায়।

[৫]২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ অনুযায়ী।

[৬]এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৭] সরকার কর্তৃক ডিজেল এর মূল্য প্রতি লিটার ১০৯.০০ টাকা থেকে ১০৬.০০ টাকায় হ্রাস অনুযায়ী।